

২০১৮-২০১৯ অর্থ বছর:

১। উদ্ভাবন ও সেবামূলক কার্যক্রম: পোড়ামাটির ফলক নির্মাণ ও প্রদর্শনী উদ্ভাবন পরিকল্পনার SIP এর আওতায় বিভিন্ন গ্রেডের কর্মচারীদের সমন্বয়ে গঠিত টিম দ্বারা পোড়ামাটির ফলক তৈরি করা হয়েছে। এ কার্যক্রমে সর্বমোট ৮০টি পোড়ামাটির ফলক তৈরি করা সম্ভব হয়েছে। শুধুমাত্র পইন (চুলা) তৈরি ও পোড়ানোর কার্যক্রমে একজন কুমার এর সাহায্য নেওয়া হয়েছে।

২০১৯-২০২০ অর্থ বছর:

- ১। তথ্য প্রদান সেবা সহজীকরণের পাইলটিং বাস্তবায়নের জন্য তথ্য প্রদান সেবা সহজীকরণের প্রসেস ম্যাপ প্রস্তুত করা হয়েছে।
- ২। নিত্য নৈমিত্তিক সকল কাজে প্লাস্টিক ব্যবহার বর্জন করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্লাস্টিকের পরিবর্তে সিরামিক, পোড়ামাটি, পাট, বাঁশের তৈরী দ্রব্যাদি ও তৈজসপত্র ব্যবহার করার নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ৩। প্লাস্টিক সহজে পঁচে না বিধায় ডাস্টবিনে ও যত্রতত্র প্লাস্টিকের বর্জ্য না ফেলার নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ৪। বিদ্যমান ব্যবহার্য প্লাস্টিক ডাস্টবিনে না ফেলে রিসাইকেলিং এর মাধ্যমে পুনঃব্যবহার উপযোগী করে ব্যবহার করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

২০২০-২০২১ অর্থ বছর:

- ১। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগ এর গ্রন্থাগারে রক্ষিত গ্রন্থের তালিকা এ কার্যালয়ের ওয়েবসাইটে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ২। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগ এর অধিনস্ত সকল দপ্তরসমূহকে নাগরিকদের সেবা প্রদানের লক্ষ্যে প্রত্নতত্ত্ব অধিদপ্তর ও পুরাকীর্তিসমূহ সম্পর্কিত তথ্য ডিজিটাল বোর্ড স্থাপনের মাধ্যমে তথ্য প্রদান করা হবে।
- ৩। পোড়ামাটির ফলক নির্মাণ ও প্রদর্শনী উদ্ভাবন পরিকল্পনার আওতায় পোড়ামাটির ফলক ‘প্রত্নতত্ত্ব অধিদপ্তর’ নামের ফলক ৮সেট সর্বমোট ১৫০টি তৈরী করা হয়েছে।



পোড়ামাটির ফলক তৈরি



পোড়ামাটির ফলক তৈরি



পোড়ামাটির ফলক পোড়ানোর আলোকচিত্র



পোড়ামাটির ফলক পোড়ানোর আলোকচিত্র



পোড়ামাটির ফলক পোড়ানোর পূর্বের আলোকচিত্র



পোড়ামাটির ফলক পোড়ানোর পরের আলোকচিত্র